

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 21-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Amit Saha :

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল বলেছেন যে ২০১৪ সাল থেকে উত্তর-পূর্বের প্রায় ১০,৫০০ যুবক তাদের অস্ত্র সমর্পণ করে জীবনের মূলমুহুর্তে যোগ দিয়েছে। নতুনদিল্লিতে নর্থ ইস্ট অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল ওয়েলফেয়ারের সহযোগিতায় আসাম রাইফেলস আয়োজিত ঐক্য উৎসব, ওয়ান ভয়েস, ওয়ান নেশন-এ ভাষণ দেওয়ার সময় স্বরাষ্ট্রমন্ত্রী একথা বলেন। শ্রী শাহ জোর দিয়ে বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমগ্র ভারতে উত্তর-পূর্বের পরিচয়কে অষ্টলক্ষী হিসাবে প্রতিষ্ঠিত করে একটি নতুন মাত্রা দিয়েছেন।

Matribhasa Diwas :

আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। সকল ভাষার সম্মানে, সকল ভাষার বিকাশে আজকের দিনটি রাজ্যজুড়ে উদযাপিত হচ্ছে। ১৯৫২ সালের আজকের এই দিনে মাতৃভাষা বাংলাকে তৎকালীন পূর্ব পাকিস্তানে রাষ্ট্র ভাষা করার দাবিতে ঢাকায় আন্দোলনরত বাঙ্গালী ছাত্রদের উপর পুলিশের গুলি বর্ষণে অনেক তরুণ ছাত্র নিহত হন। পরবর্তিতে বাংলা ভাষা সে দেশে রাষ্ট্রীয় ভাষা হিসাবে স্বীকৃতি পায়। এরপরে জাতিসংঘের এক সিদ্ধান্ত মূলে ২১শে ফেব্রুয়ারী দিনটি সকল ভাষার সম্মান, মর্যাদা ও অস্তিত্ব রক্ষায় পালিত হয়ে আসছে।

Press Meet-National Commission for Women :

মহিলাদের তাদের অধিকারের বিষয়ে সচেতন করতে জাতীয় মহিলা কমিশন কাজ করছে। ত্রিপুরা মহিলা কমিশনও নারীদের অধিকার রক্ষায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। ত্রিপুরার প্রান্তিক এলাকার মহিলাদের সচেতন করার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হবে। গতকাল সন্ধ্যায় রাজ্য অতিথিশালায় এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন জাতীয় মহিলা কমিশনের সদস্যা ড. অর্চনা মজুমদার। সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা উপস্থিত ছিলেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৯তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

BSF-South :

বিএসএফের ৪৩ নম্বর বাহিনীর উদ্যোগে গতকাল বিলোনিয়ার বিকেআই মাঠে সামাজিক কমসূচী হিসাবে ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। মহকুমার বিলোনিয়া ও রাজনগর ব্লকের কমলপুর গ্রামের ছাত্রদের মধ্যে অনুষ্ঠিত এই ফুটবল ম্যাচে বিলোনিয়া দল ৩- ২ গোলে কমলপুর দলকে পরাস্ত করে।

ফুটবল ম্যাচ শেষে জওহর নবোদয় বিদ্যালয়, ঈশানচন্দ্র নগর, নাথপাড়া ও কমলপুরের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে হয় সাংস্কৃতিক অনুষ্ঠানও। বিএসএফের ৪৩ বাহিনীর পক্ষ থেকে সীমান্ত এলাকার ছেলেমেয়েদের

খেলাধুলার জন্য ৪০টি ফুটবল, ৬০ জোড়া বুট, জার্সি, স্কুল ব্যাগ, স্কুল ইউনিফর্ম, প্রতিযোগিতামূলক পরীক্ষা প্রস্তুতির জন্য বই সহ ৩,৪২,৬২০ টাকার সামগ্রী প্রদান করা হয়। ৪৩ বাহিনীর কমান্ডান্ট এম রবিন্দার সহ বাহিনীর অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন কর্মসূচীতে।

BSF- BGB Meeting :

সীমান্ত সুরক্ষা বাহিনী, বিএসএফ এবং বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির মধ্যে মহানির্দেশক পর্যায়ে ৫৫তম সীমান্ত সমন্বয় সম্মেলন গতকাল নতুনদিল্লিতে শেষ হয়েছে। সম্মেলনে অনুপ্রবেশ, আন্তঃসীমান্ত অপরাধ, সীমান্ত বেড়া দেওয়া, চোরাচালানসহ অন্যান্য বিষয় নিয়ে দুই দেশের মধ্যে দীর্ঘ আলোচনা হয়। আলোচনায় নেতৃত্ব দেন বিএসএফের মহানির্দেশক দলজিৎ সিং চৌধুরী এবং বিজিবির মহানির্দেশক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী।

Jana Adhiker Sangram Mancha :

ত্রিপুরা জন অধিকার সংগ্রাম পরিষদ কেন্দ্রীয় কমিটির উদ্যোগে গতকাল ২২ দফা দাবির ভিত্তিতে আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে তিন ঘন্টার গণ অবস্থান সংঘটিত হয়। গণ অবস্থানে সংগঠনের সাধারণ সম্পাদক ধীরেন্দ্র সিংহ বাইশ দফা দাবি তুলে ধরে বক্তব্য পেশ করেন। দাবিগুলির মধ্যে ছিল, বেদখল হয়ে যাওয়া সমস্ত ওয়াকার সম্পত্তি পুনরুদ্ধার করা, বেকারদের চাকরি নয়তো বেকার ভাতা প্রদান করা ইত্যাদি।

Weather :

আজ আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

* * * * *